দৈনিক
ইনকিলাব

তারিখ 04 MAR 2009
পৃঃ ১৮ ৩

# রংপুর ক্যাডেট কলেজ চ্যাম্পিয়ন

স্টাফ রিপোর্টার : জাতীয় টেলিভিশন স্কুল বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে রংপুর ক্যাডেট কলেজ ও রানারআপ শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ। প্রতিযোগিতায় তৃতীয় স্থান অধিকার করে মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয় ও চতুর্থ স্থান অধিকার করে বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস পাবলিক স্কুল। ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণের সঞ্চালনায় ও নির্দেশনায় বাংলাদেশ টেলিভিশনের আয়োজনে বছরব্যাপী প্রতিযোগিতাটি আয়োজিত হয়। সাপ্তাহিক ভিত্তিতে প্রতি সোমবার অনুষ্ঠানটি প্রচারিত হয়। এতে চূড়ান্ত বিতর্কের বিষয় ছিল 'দুর্নীতিমুক্ত একটি সফল বাংলাদেশ পেলেই স্বাধীনতা অর্থবহ হবে'। চ্যাম্পিয়ন দলের তার্কিকরা হচ্ছে ক্যাডেট খালেদ, ক্যাডেট মুনতাসির, ক্যাডেট গালীব। অন্যদিকে রানারআপ দলের তার্কিকরা হচ্ছে নাফিসা হাসান বাসমা, সরাবন তহুরা, মাশরুরা মরিয়ম ঐশী। শ্রেষ্ঠ বক্তা হওয়ার গৌরব অর্জন করেন চ্যাম্পিয়ন দলের দলনেতা ক্যাডেট গালীব। প্রতিযোগিতায় বিচারক ছিলেন অতিরিক্ত সচিব মোঃ জহুরুল আলম এনডিসি, অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত



আরা নাজনীন, অধ্যাপক কৃষিবিদ মোঃ রফিকুল ইসলাম, রুবায়াত ফেরদৌস ও ড. জিনাত হুদা ওয়াহিদ। প্রতিযোগিতায় বিতার্কিকরা একটি শুদ্ধ, সুন্দর বাংলাদেশ গঠনে তাদের অঙ্গীকারের কথা ব্যক্ত করেন। পক্ষ দলের বক্তারা স্বাধীনতাকে অর্থবহ করতে সর্ব প্রথমে অনিয়ম ও দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ার আহ্বান জানান। তারা বলেন, দুর্নীতির বিষবাষ্প যতদিন উৎপাটন করা যাবে না ততদিন পর্যন্ত স্বাধীন বাংলাদেশ সফল বাংলাদেশে পরিণত হবে না। অন্যদিকে বিপক্ষ দল স্বাধীনতাকে অর্থবহ করতে অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি সামাজিক ও রাজনৈতিক পরিবর্তনের জন্য সবাইকে ঐক্যবদ্ধ হতে অনুরোধ করে। তারা বেকার সমস্যা দূর, স্বাস্থ্যসেবার উন্নয়ন, শিক্ষার হার বৃদ্ধি, জনসংখ্যা হ্রাসসহ যোগ্য নেতৃত্বের উপর গুরুত্ব আরোপ করে। ভিকারুন নিসা স্কুল, হলিক্রস স্কুল, সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গার্লস হাইস্কুল, এস ও এস হারম্যান মেইনার স্কুল, ডা. খাস্তগীর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আইডিয়াল স্কুল, গভঃ ল্যাবরেটরি হাইস্কুল, বিদ্যাময়ী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ, বিএএফ শাহীন কলেজ, রাজউক উত্তরা মডেল কলেজ, ঝিনাইদহ ক্যাডেট কলেজ, ফৌজদারহাট ক্যাডেট কলেজ, রাজশাহী ক্যাডেট কলেজ, মির্জাপুর ক্যাডেট কলেজ, বরিশাল ক্যাডেট কলেজসহ দেশের ৬২টি শিক্ষা প্রতিষ্ঠান উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিযোগিতার সঞ্চালক হাসান আহমেদ চৌধুরী কিরণ জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তুলতে পড়াশোনার পাশাপাশি বিতর্ক চর্চার উপর গুরুত্ব আরোপ করে দীর্ঘদিন থেকে বিতর্ক শিল্পকে জনপ্রিয় করার জন্য বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বিতর্ক শিল্প তরুণ প্রজন্মকে গণতন্ত্র চর্চায় উদ্বুদ্ধ করে যোগ্য নেতৃত্ব গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।